



শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়  
নেত্রকোণা-২৪০০  
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর  
ইমেইল: pro@shu.edu.bd



স্মারক: ৩৭.০১.৭২০১.০০৭.০২.০০১.২২.১১

তারিখ: ২২ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ  
০৭ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ

## প্রেস রিলিজ

### ঐতিহাসিক ০৭ই মার্চ দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন

ঐতিহাসিক ০৭ই মার্চ দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে ০৭ই মার্চ ২০২২ খ্রি. তারিখ মোক্তারপাড়া মাঠে নেত্রকোণা জেলা প্রশাসন কর্তৃক স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা এর মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. রফিকউল্লাহ খান মহোদয়ের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের পরিচালক জনাব মিহির চক্রবর্তী ও শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের পরিচালক জনাব সেলিম আহমদের নেতৃত্বে পুষ্পসুবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। এ সময় শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী এবং অন্যান্য দপ্তরসমূহের প্রতিনিধিগণও উপস্থিত ছিলেন। এক বার্তায় সকলের উদ্দেশ্যে মাননীয় ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. রফিকউল্লাহ খান বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ০৭ই মার্চের ভাষণের মাধ্যমে দেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের ঘোষণা দিয়েছেন। তাঁরই সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুখী ও সমৃদ্ধ দেশ গড়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছেন। ০৭ই মার্চের ভাষণ দেশ গঠনের লক্ষ্যে আগামীতেও অনুপ্রেরণা জাগাবে বলে তিনি প্রত্যাশা করেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে-

**এনামুল হক**  
০৭/০৩/২০২২  
(এনামুল হক)

জনসংযোগ কর্মকর্তা  
শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়,  
নেত্রকোণা  
ফোন: ০১৯৭৫-৮০৫৩৬৮